

ফতওয়া ৩০২

প্রশ্ন:

প্রিয় শায়েখ আমার প্রশ্ন হল। কত ভরি স্বর্ণ-রূপা থাকলে যাকাত দেওয়া ফরজ ?

উত্তর:

যদি শুধু স্বর্ণ থাকে (রূপা, টাকা, বা ব্যবসার পণ্য না থাকে) তাহলে তার নেসাব হলো, সাড়ে সাত ভরি (৮৭গ্রাম ৪৮০মিলি গ্রাম)।

আর যদি শুধু রূপা থাকে (স্বর্ণ , টাকা, বা ব্যবসার পণ্য না থাকে) তাহলে তার নেসাবের পরিমাণ হলো, সাড়ে বায়ান্ন ভরি (৬১২গ্রাম ৩৫ মিলিগ্রাম)।

যদি কারো কাছে কিছু স্বর্ণ কিছু রূপা, বা কিছু স্বর্ণ, কিছু টাকা বা ব্যবসার পণ্য থাকে, তাহলে সেক্ষেত্রে যাকাতের নেসাব হল, সেগুলোর সামষ্টিক মূল্য সাড়ে বায়ান্ন ভরি রূপার সমান হওয়া। (ফাতাওয়া দারুল উলুম দেওবন্দ ৩/৯৪)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
০৪ রমাযান, ১৪৪৫ হিজরী (15/03/2024)